**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 11-12-2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ নতুন দিল্লির বিজ্ঞান ভবনের প্লেনারি হলে এক অনুষ্ঠানে পঞ্চায়েতি রাজ মন্ত্রক আয়োজিত ২০২৪ সালের জাতীয় পঞ্চায়েত পুরস্কার প্রদান করেন । ত্রিপুরা পেয়েছে মোট ৭টি পুরস্কার ।**

**(২) বিদ্যালয় শিক্ষা দপ্তরের উদ্যোগে আজ আমবাসা টাউন হলে রাজ্যভিত্তিক ভারতীয় ভাষা দিবস উদযাপন করা হয় ।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ স্মার্ট ইন্ডিয়া হ্যাকাথন 2024-এর গ্র্যান্ড ফিনালেতে তরুণ উদ্ভাবকদের সঙ্গে কথা বলেন ।**

**(৪) ৬৮তম জাতীয় স্কুল গেমস'র অধীন অনূর্ধ্ব ১৭ বালিকাদের জুডো প্রতিযোগিতা আগামীকাল থেকে আগরতলার এনএসআরসিসি কমপ্লেক্সে শুরু হবে ।**

**************************************

**Panchayeti Raj Award :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ নতুন দিল্লির বিজ্ঞান ভবনের প্লেনারি হলে এক অনুষ্ঠানে পঞ্চায়েতি রাজ মন্ত্রক আয়োজিত ২০২৪ সালের জাতীয় পঞ্চায়েত পুরস্কার প্রদান করেন। অনুষ্ঠানে রাষ্ট্রপতি বলেন, আমাদের দেশের জনসংখ্যার প্রায় ৬৪ শতাংশ গ্রামে বাস করে। তাই ভারতকে একটি উন্নত জাতি হিসেবে গড়ে তোলার জন্য গ্রাম ও গ্রামবাসীর উন্নয়ন ও ক্ষমতায়ন গুরুত্বপূর্ণ।

তিনি বলেন যে একটি উন্নত ভারতের ভিত্তি শুধুমাত্র আত্মনির্ভরশীল এবং সক্ষম স্থানীয় সংস্থাগুলির ভিত্তিতে তৈরি করা যেতে পারে। তিনি পুরস্কারপ্রাপকদের অভিনন্দন জানান।

#########Byte##########

এবছর বিভিন্ন বিভাগে ৪৫টি পুরস্কার দেয়া হয়। ১ লক্ষ ৯৪ হাজার গ্রাম পঞ্চায়েত এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। ৪৫টি পুরস্কারের মধ্যে, ত্রিপুরা মোট ৭টি পুরস্কার জিতেছে। মোট পুরষ্কারের সংখ্যায়, ত্রিপুরা ওডিশার সাথে যৌথভাবে প্রথম স্থানে রয়েছে। ত্রিপুরার গোমতি জেলা দেশের সেরা জেলা পঞ্চায়েতগুলির মধ্যে নানাজি দেশমুখ সর্বোত্তম পঞ্চায়েত সতত বিকাশ পুরস্কার পেয়েছে এবং এর পুরস্কার মূল্য ৫ কোটি টাকা।

সেরা ব্লক পঞ্চায়েত বিভাগে নানাজি দেশমুখ সর্বোত্তম পঞ্চায়েত সতত বিকাশ পুরস্কার এর জন্য সারা দেশে দ্বিতীয় সেরা ব্লক হিসেবে পুরস্কৃত হয়েছে অমরপুর আরডি ব্লক, পুরস্কার মূল্য ১ কোটি ৭৫ লক্ষ টাকা ।

রূপাইছড়ি ব্লকের অধীন মনুবঙ্কুল ভিলেজ কমিটি দেশের সেরা মহিলা-বান্ধব পঞ্চায়েত হিসেবে দীনদয়াল উপাধ্যায় পঞ্চায়েত সতত বিকাশ পুরষ্কার পায়, এর পুরস্কার মূল্য ১ কোটি টাকা ।

কার্বন নিরপেক্ষ পঞ্চায়েত বিভাগে গ্রাম উর্জা স্বরাজ বিশেষ পঞ্চায়েত পুরস্কারের জন্য দেশের মধ্যে দ্বিতীয় সেরা হিসেবে পুরস্কৃত হয়েছে অমরপুর আর ডি ব্লকের থাকছড়া গ্রাম পঞ্চায়েত, এর পুরস্কার মূল্য ৭৫ লক্ষ টাকা।

কুমারঘাট ব্লকের বেতছড়া গ্রাম পঞ্চায়েত দীনদয়াল উপাধ্যায় পঞ্চায়েত সতত বিকাশ পুরস্কার এর তৃতীয় সেরা পঞ্চায়েত হিসেবে পুরস্কার পায় দারিদ্র্য মুক্ত এবং উন্নত জীবিকা পঞ্চায়েত বিষয়ের জন্য। এই পঞ্চায়েত সারা দেশে দারিদ্র্য বিমোচন ক্ষেত্রে তৃতীয় হয়েছে। পুরস্কার মূল্য ৫০ লক্ষ টাকা । অমরপুর আর ডি ব্লকের অধীন রাজকাং ভিলেজ কমিটি শিশু বান্ধব পঞ্চায়েত হিসেবে

দীনদয়াল উপাধ্যায় পঞ্চায়েত সতত বিকাশ পুরস্কার পায়। শিশু-বান্ধব পঞ্চায়েত গঠনে তৃতীয় হওয়ার জন্য ৫০ লক্ষ টাকার পুরস্কার দেয়া হয়।

পর্যাপ্ত জল সমৃদ্ধ গ্রাম বিষয়ে দেশের মধ্যে তৃতীয় সেরা হিসেবে দীনদয়াল উপাধ্যায় পঞ্চায়েত সতত বিকাশ পুরষ্কার পেয়েছে অমরপুর ব্লকের দেববাড়ি গ্রাম পঞ্চায়েত। এজন্য ৫০ লক্ষ টাকার পুরস্কার দেয়া হয়।

*************************

**Panchayeti Raj Award-Tripura Byte :**

মহিলা ক্ষমতায়নে বিশেষ ভূমিকার জন্য রুপাইছড়ি ব্লকের দক্ষিণ মনু বংকুল ভিলেজ কমিটি দেশের সেরা মহিলা বান্ধব পঞ্চায়েত হিসাবে পুরস্কার পেয়েছে। এ প্রসঙ্গে রূপাইছড়ি ব্লক এডভাইজরি কমিটির চেয়ারপার্সন রাখি ত্রিপুরা জানান, মহিলাদের ক্ষমতাযন, স্বাস্থ্য, টিকাকরণ, বালিকা বিবাহ রোধ সহ সামাজিক ক্ষেত্রে মহিলাদের অগ্রগামী ভূমিকা নেওয়ার ক্ষেত্রে নিষ্ঠার সাথে কাজ করে চলেছে এই পঞ্চায়েত, ভিসি। তেমনি স্বনির্ভর গোষ্ঠীদের প্রকৃত উৎপাদিকা শক্তি হিসেবে গড়ে তোলার ক্ষেত্রেও ভালো সাফল্য এসেছে। পুরস্কার দিয়ে স্বীকৃতি দেবার জন্য তিনি পঞ্চায়েত মন্ত্রককে ধন্যবাদ জানান।

#########Byte#########

কুমারঘাট ব্লকের বিডিও সুদীপ ভৌমিক বলেন, কুমারঘাট ব্লকের বেতছড়া গ্রাম পঞ্চায়েত দীনদয়াল উপাধ্যায় পঞ্চায়েত সতত বিকাশ পুরস্কার এর তৃতীয় সেরা পঞ্চায়েত হিসেবে পুরস্কার পেয়েছে দারিদ্র্য মুক্ত এবং উন্নত জীবিকা পঞ্চায়েত ব্যবস্থায় অভূতপূর্ব সাফল্যের জন্য।

##########Byte##########

********************************

**Bhasa Diwas-Dhalai :**

বিদ্যালয় শিক্ষা দপ্তরের উদ্যোগে আজ আমবাসা টাউন হলে রাজ্যভিত্তিক ভারতীয় ভাষা দিবস উদযাপন করা হয়। উদ্বোধন করেন ধলাই জিলা পরিষদের সভাধিনেত্রী সুস্মিতা দাস। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন, ভারতে যেমন নানা ভাষা রয়েছে তেমনি প্রত্যেকটি জাতিগোষ্ঠীর জন্য রয়েছে নানা পরিধান এবং তাদের পৃথক পৃথক কৃষ্টি সংস্কৃতি রয়েছে। আর সব মিলিয়েই ভারতীয়দের মধ্যে একতা বহন করে। উপস্থিত ছিলেন আমবাসা পুরপরিষদের চেয়ারপার্সন প্রতিমা মালাকার, জেলা শিক্ষা আধিকারিক যতন কুমার দেববর্মা। অনুষ্ঠানের শুরুতেই কবি সুব্রামানিয়াম ভারতীর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করেন অতিথিগণ। উল্লেখ্য কবি সুব্রামানিয়াম ভারতীর জন্মবার্ষিকী ভারতীয় ভাষা দিবস হিসেবে উদযাপন করা হয়।

******************************

**Hackathon :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ বলেছেন যে ভারত ডিজিটালভাবে বৃহৎ পরিসরে সংযুক্ত হচ্ছে, সাইবার অপরাধের হুমকিও ক্রমাগত বাড়ছে। ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে স্মার্ট ইন্ডিয়া হ্যাকাথন 2024-এর গ্র্যান্ড ফিনালেতে তরুণ উদ্ভাবকদের সঙ্গে কথা বলার সময় প্রধানমন্ত্রী বলেন যে ভারত বিশ্বের শীর্ষস্থানীয় ডিজিটাল অর্থনীতিগুলির মধ্যে একটি। তরুণ উদ্ভাবকদের প্রশংসা করে প্রধানমন্ত্রী বলেন যে একবিংশ শতাব্দীর ভারতের জন্য তাদের সবারই আলাদা দৃষ্টি রয়েছে। তিনি আরো বলেন যে তাদের সমাধানগুলি ভারতের ভবিষ্যতের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং লক্ষ লক্ষ মানুষের জীবনকে পরিবর্তন করতে পারে। শ্রী মোদী বলেন  আজকের ভারত শুধুমাত্র সকলের সম্মিলিত প্রচেষ্টায় দ্রুত গতিতে এগিয়ে যেতে পারে।  তিনি বলেন যখন দেশ নতুন চ্যালেঞ্জের মুখোমুখি হয়, তখন তরুণ উদ্ভাবকরা অসাধারণ সমাধান নিয়ে আসে। তিনি উল্লেখ করেন যে স্মার্ট ইন্ডিয়া হ্যাকাথনের অতীতের উপস্থাপিত সমাধানগুলি এখন বিভিন্ন মন্ত্রকের দ্বারা ব্যবহৃত হচ্ছে, যা সারা দেশে একটি উল্লেখযোগ্য প্রভাব ফেলছে। প্রধানমন্ত্রী

আরও জোর দিয়েছিলেন যে প্রতিটি শিশুই বিশেষ এবং তারা বেড়ে ওঠার সুযোগ পাওয়ার যোগ্য।

প্রধানমন্ত্রী বলেন যে আজ সারাদেশে বিভিন্ন ক্ষেত্রে ড্রোন ব্যাপকভাবে ব্যবহৃত হচ্ছে। নমো ড্রোন দিদি প্রকল্পের কথা উল্লেখ করে তিনি বলেন যে ড্রোন এখন প্রত্যন্ত অঞ্চলে ওষুধ এবং প্রয়োজনীয় জিনিস সরবরাহ করতে ব্যবহৃত হচ্ছে।

উল্লেখ্য, দেশের ৫১টি নোডাল কেন্দ্রে আজ সপ্তম স্মার্ট ইন্ডিয়া হ্যাকাথনের সূচনা হয়েছে। হ্যাকাথনের সফটওয়্যার পর্ব চলবে একটানা ৩৬ ঘণ্টা, অন্যদিকে হার্ডওয়্যার পর্ব চলবে ১৫ই ডিসেম্বর পর্যন্ত। শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান ভার্চুয়াল মাধ্যমে এর উদ্বোধন করেন।

পশ্চিমবঙ্গে আইআইটি খড়গপুরে স্মার্ট ইন্ডিয়া হ্যকাথনের সপ্তম পর্যায়ের গ্র্যান্ড ফিনালে পর্ব চলছে। আজ ও আগামীকাল  সফটওয়ার এডিশন এর চূড়ান্ত পর্যায়ের অনুষ্ঠান আয়োজন করা হয়েছে। মোট ৩৫টি দল প্রতিযোগিতায় অংশগ্রহণ করেছে।

***************************

**Kathia Baba College :**

শিল্প ও বাণিজ্য রাষ্ট্রমন্ত্রী বৃষকেতু দেববর্মা মোহনপুর মহকুমার তুলাবাগানে কাঠিয়াবাবা মিশন স্কুল প্রাঙ্গণে আজ কাঠিয়াবাবা ব্যাম্বু টেকনোলজি ও ম্যানেজমেন্ট কলেজের শিলান্যাস করেন। এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে তিনি বলেন, বাঁশকে কেন্দ্র করে যে কলেজ এখানে স্থাপিত হবে সেটা আগামীদিনে ত্রিপুরার কারুশিল্পে উদ্যোগীদের জন্য এক নতুন দিগন্তের সূচনা করবে। বাঁশকে ভিত্তি করে টেকনোলজি ও ম্যানেজমেন্ট কলেজ স্থাপন এক প্রশংসনীয় উদ্যোগ। রাজ্যের ছেলেমেয়েরা আগামীদিনে এই কলেজ থেকেই বাঁশভিত্তিক শিল্প স্থাপনে জ্ঞান অর্জন করতে পারবে।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি বলাই গোস্বামী, বন দপ্তরের প্রধান সচিব আর কে শ্যামল, ত্রিপুরা মানবাধিকার কমিশনের সচিব রতন বিশ্বাস,

রাজ্যে প্রাক্তন আইজি বি কে রায় এবং মোহনপুর মহকুমার মহকুমা শাসক সুভাষ দত্ত। স্বাগত বক্তব্য রাখেন কাঠিয়াবাবা গুরুকুলম সেবা ট্রাস্টের সচিব মান্না রায়।

****************************

**Prashasan Gaon Ki Ore :**

আসন্ন সুশাসন সপ্তাহ পালনের অঙ্গ হিসাবে "প্রশাসন গাঁও কি ওর" অভিযানকে সফল করতে আজ কৈলাশহরে জেলাশাসক কার্যালয়ে এক বৈঠক অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন, ঊনকোটি জেলার জেলা শাসক দিলীপ কুমার চাকমা, অতিরিক্ত জেলা শাসক অর্ঘ্য সাহা মহকুমা শাসক ও বিডিওগণ। বৈঠকে সিদ্ধান্ত হয়, আগামী ১৯ থেকে ২৪শে ডিসেম্বর ঊনকোটি জেলায় সুশাসন সপ্তাহ পালন করা হবে। এতে থাকবে প্রশাসনিক শিবির, কর্মশালা ইত্যাদি। আগামী জানুয়ারি মাস থেকে প্রতিমাসে বিভিন্ন দপ্তরের ব্যবস্থাপনায় দু'টি করে রক্তদান শিবিরের আয়োজন করা হবে।

*******************************

**CPIM-South :**

সিপিআইএমের ২৪তম বিলোনিয়া মহকুমা সম্মেলন আজ শেষ হয়েছে। গতকাল বিলোনিয়া টাউন হলে শুরু হয় দুই দিনের সম্মেলন। প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার, বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী, রাজ্য বামফ্রন্টের আহ্বায়ক নারায়ন কর সম্মেলনে বক্তব্য রাখেন। সম্মেলনে নতুন মহকুমা কমিটি গঠন করা হয়। সম্পাদক হিসাবে নির্বাচিত হয়েছেন বিজয় তিলক।

*****************************

**CPIM-Sonamura :**

এদিকে, আজ থেকে সোনামুড়া টাউন হলে শুরু হয়েছে সি.পি.আই.এম সোনামুড়া মহকুমা কমিটির সম্মেলন। বক্তব্য

রাখেন দলীয় রাজ্য সম্পাদক তথা রাজ্যের বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী, সিপিআইএম রাজ্য সম্পাদক মন্ডলীর সদস্য প্রাক্তন মন্ত্রী মানিক দে, রাজ্য কমিটির সদস্য সুরেশ দাস, সিপাহীজলা জেলা কমিটির সম্পাদক ভানুলাল সাহা, মহকুমা সম্পাদক রতন সাহা প্রমুখ।

****************************

**Rajyo Bhittik Natyo Utsob :**

সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা মন্ত্রী টিঙ্কু রায় আজ আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে তথ্য সংস্কৃতি দপ্তর আয়োজিত ১৪ দিনব্যাপী রাজ্য ভিত্তিক নাট্য উৎসবের উদ্বোধন করেন। তিনি বলেন, নাটকের বিষয়গুলি সমাজের সমস্যা গুলি সম্পর্কিত হওয়া দরকার। তাতে মানুষের সচেতনতা বৃদ্ধির সাথে সাথে সমাজের কল্যাণ ও হবে। নাটক সমাজ সচেতনতামূলক হওয়ার পাশাপাশি নতুন প্রজন্মের উপযোগী হওয়া দরকার বলে তিনি অভিমত ব্যক্ত করেন। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন রাজ্যভিত্তিক সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির চেয়ারম্যান সুব্রত চক্রবর্তী, বিশিষ্ট নাট্য ব্যক্তিত্ব মানিক দত্ত, তথ্য সংস্কৃতি দপ্তরের অধিকর্তা বিম্বিসার ভট্টাচার্য। রাজ্য ভিত্তিক নাট্য উৎসবে বিভিন্ন জেলা থেকে মোট ৩৪টি দল অংশগ্রহণ করবে।

****************************

**Tinku Roy Press Meet :**

৬৮তম জাতীয় স্কুল গেমস’র অধীন অনূর্ধ্ব ১৭ বালিকাদের জুডো প্রতিযোগিতা আগামীকাল থেকে আগরতলার এনএসআরসিসি কমপ্লেক্সে শুরু হবে। এই প্রতিযোগিতা চলবে আগামী ১৫ই ডিসেম্বর পর্যন্ত। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আগামীকাল দুপুর ১টায় প্রতিযোগিতার উদ্বোধন করবেন। আজ সচিবালয়ে সাংবাদিক সম্মেলনে একথা জানিয়েছেন রাজ্যের যুব ও ক্রীড়া কল্যাণমন্ত্রী টিংকু রায়। তিনি বলেন এই

প্রতিযোগিতায় সারা দেশের ২৭টি রাজ্য এবং চারটি অন্যান্য সংস্থা মিলিয়ে মোট ৩১টি দল অংশগ্রহণ করবে। ইতিমধ্যে ১৩টি রাজ্যের খেলোয়াড়রা আগরতলায় পৌঁছে গেছেন। আজ রাতের মধ্যে বাকি দলগুলিও রাজ্যে এসে পৌঁছুবে বলে মন্ত্রী শ্রী রায় জানান।

*****************************

**Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে মাঝারি পর্যায়ে কুয়াশা পড়বে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ২৪ ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৪ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৪.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩.৫ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল রাজ্যের সব জেলার দু এক জায়গায় ঘন কুয়াশা পড়ার সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর।

***************************